
দৈনিক বাংলা

তারিখ ... 12 SEP 1997 ... ...
পৃষ্ঠা ... ২ ... কলাম ... ২ ...
02

## পাসের হার ঃ ঢাকা বোর্ড ৩৫.৭৯, রাজশাহী ৩৯.২০, যশোর ৩২.৫৯, কুমিল্লা ৩৮.৮০ ও চট্টগ্রাম ৪৬.৭৯

# পাঁচ বোর্ডের এইচএসসি পরীক্ষার ফল প্রকাশ ঃ গড় পাসের হার ৩৮.৬৫


স্যবরিনা এম শায়লা মানবিক বিভাগে প্রথম ঢাকা বোর্ড


আনিসুর রহমান বাণিজ্য বিভাগে প্রথম ঢাকা বোর্ড

**স্টাফ রিপোর্টার ঃ** বৃহস্পতিবার দেশের পাঁচটি শিক্ষা বোর্ডের এইচএসসি (উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট) পরীক্ষার ফল প্রকাশিত হয়েছে। এবার পাঁচ বোর্ডে মোট ৬ লাখ ৫০ হাজার ৩১৬ ছাত্রছাত্রী পরীক্ষায় অংশ নেয়। এরমধ্যে পরীক্ষায় উত্তীর্ণ হয়েছে ২ লাখ ৪২ হাজার ৯৬০ জন ছাত্রছাত্রী। পাঁচটি বোর্ডের গড় পাসের হার ৩৮ দশমিক ৬৫।

(৪-এর পৃঃ ১-এর কঃ দ্রঃ)

### এইচএসসি ঃ এক নজরে ৫ বোর্ডের ফল

| বোর্ডের নাম | অবতীর্ণের সংখ্যা | উত্তীর্ণ | পাসের হার |
|---|---|---|---|
| ঢাকা | ২,১৮,৯০৫ | ৭৮,৩৫২ | ৩৫.৭৯ |
| রাজশাহী | ১,৫৮,৪০৫ | ৬২,০৯৫ | ৩৯.২০ |
| যশোর | ১,২২,৭২৯ | ৩৯,৯৯৯ | ৩২.৫৯ |
| কুমিল্লা | ৯৭,৬৩৭ | ৩৭,৮৮৩ | ৩৮.৮০ |
| চট্টগ্রাম | ৫২,৬৪০ | ২৪,৬৩১ | ৪৬.৭৯ |
| মোট ৫টি | ৬,৫০,৩১৬ | ২,৪২,৯৬০ | গড় ৩৮.৬৫ |

## পাচ বোর্ডের এইচএসসি পরীক্ষার ফল প্রকাশ

(প্রথম পৃষ্ঠার পর)

ঢাকা বোর্ড থেকে এবার ২ লাখ ১৮ হাজার ৯০৫ জন ছাত্রছাত্রী পরীক্ষায় অংশ নেয়। এরমধ্যে উত্তীর্ণ হয়েছে ৭৮ হাজার ৩৫২ জন। পাসের হার ৩৫ দশমিক ৭৯।

ঢাকা কলেজের মোহাম্মদ শফিউল আলম চারটি লেটারসহ ৯৪৩ নম্বর পেয়ে সম্মিলিত মেধা তালিকায় প্রথম স্থান অধিকার করেছে। একই কলেজের ফয়সল ইবনে রেজোয়ান ও নবীন ইমরান সিদ্দিকী যথাক্রমে ৯৪১ ও ৯৩৯ নম্বর পেয়ে দ্বিতীয় ও তৃতীয় স্থান অধিকার করেছে। এরা দু'জনই চারটি করে লেটার পেয়েছে। সম্মিলিত মেধা তালিকায় এবার ঢাকা কলেজ থেকে ১৩টি স্থান অধিকার করেছে। ঢাকার নটরডেম কলেজের মেধা তালিকায় স্থান কম নয়। এই কলেজ থেকে চতুর্থ ও সপ্তম স্থানসহ মোট ৬টি স্থান অধিকার করেছে সম্মিলিত মেধা তালিকায়। ভিকারুন্নেছা নুন কলেজের পাঁচজন ছাত্রী সম্মিলিত মেধা তালিকায় স্থান করে নিয়েছে।

রাজশাহী বোর্ড থেকে ১ লাখ ৫৮ হাজার ৪০৫ জন ছাত্র-ছাত্রী পরীক্ষায় অংশ নেয়। এরমধ্যে উত্তীর্ণ হয়েছে ৬২ হাজার ৯৫ জন। এই বোর্ডের পাসের হার ৩৯ দশমিক ২০। পাবনা ক্যাডেট কলেজের মোহাম্মদ আবদুল্লাহ আল হাফিজ পাঁচটি লেটারসহ ৯৪২ নম্বর পেয়ে এই বোর্ডের প্রথম স্থান অধিকার করেছে। রাজশাহী ক্যাডেট কলেজের মোহাম্মদ মিজানুর রহমান চারটি লেটারসহ ৯৩৩ নম্বর পেয়ে দ্বিতীয় স্থান অধিকার করেছে। পাবনা ক্যাডেট কলেজের এএসএম মোস্তাফিজুল হক চারটি লেটারসহ ৯১৩ নম্বর পেয়ে তৃতীয় স্থান অধিকার করেছে। সম্মিলিত মেধা তালিকায় পাবনা ক্যাডেট কলেজ প্রথম ও তৃতীয় স্থানসহ ৭টি স্থান অধিকারের গৌরব অর্জন করেছে। তেমনি দ্বিতীয় ও পঞ্চম স্থানসহ সম্মিলিত মেধা তালিকায় ৮টি স্থান অধিকারের গৌরব অর্জন করেছে রাজশাহী ক্যাডেট কলেজ।

যশোর বোর্ড থেকে এবার ১ লাখ ২২ হাজার ৭২৯ জন ছাত্রছাত্রী এইচএসসি পরীক্ষায় অংশ নেয়। এরমধ্যে উত্তীর্ণ হয়েছে ৩৯ হাজার ৯৯৯ জন। পাসের হার ৩২ দশমিক ৫৯। ঝিনাইদহ ক্যাডেট কলেজের তওফিক হাসান পাঁচটি লেটারসহ ৯৬৪ নম্বর পেয়ে সম্মিলিত মেধা তালিকায় প্রথম স্থান অধিকার করেছে। একই কলেজের মোহাম্মদ মুনিরুল হক চারটি লেটারসহ ৯৫০ নম্বর পেয়ে এই তালিকায় দ্বিতীয় স্থান অধিকার করেছে। বরিশাল ক্যাডেট কলেজের আবু সাঈদ মোহাম্মদ সাইফুল্লাহ চারটি লেটারসহ ৯৪৩ নম্বর পেয়ে সম্মিলিত মেধা তালিকার তৃতীয় স্থান অধিকার করে। প্রথম ও দ্বিতীয় স্থানসহ সম্মিলিত মেধা তালিকায় মোট ৯টি স্থান অধিকারের গৌরব অর্জন করেছে ঝিনাইদহ ক্যাডেট কলেজ। তেমনি বরিশাল ক্যাডেট কলেজও পিছিয়ে নেই। এই কলেজ থেকে তৃতীয় ও পঞ্চম স্থানসহ সম্মিলিত মেধা তালিকায় মোট ৯টি স্থান অধিকার করেছে।

কুমিল্লা বোর্ড থেকে এবার ৯৭ হাজার ৬৩৭ জন ছাত্রছাত্রী এইচএসসি পরীক্ষায় অংশ নেয়। এরমধ্যে ৩৭ হাজার ৮৮৩ জন পরীক্ষায় উত্তীর্ণ হয়েছে। পাসের হার ৩৮ দশমিক ৮০। সিলেট ক্যাডেট কলেজের মোহাম্মদ আশফাকুজ্জামান খান চারটি লেটারসহ ৯৫২ নম্বর পেয়ে কুমিল্লা বোর্ডে সম্মিলিত মেধা-তালিকায় প্রথম স্থান অধিকার করেছে। সিলেট। ক্যাডেট কলেজের এইচ এম আনোয়ার সাদমানী ৪টি লেটারসহ ৯০৮ নম্বর পেয়ে এই বোর্ডের সম্মিলিত মেধা তালিকায় দ্বিতীয় স্থান অধিকার করেছে। এই তালিকায় কুমিল্লা ক্যাডেট কলেজের মোহাম্মদ সাইফুল ইসলাম চারটি লেটার-সহ ৯০৩ নম্বর পেয়ে তৃতীয় স্থান অধিকার করেছে। কুমিল্লা বোর্ডের মধ্যে সম্মিলিত মেধা তালিকায় প্রথম ও দ্বিতীয় স্থানসহ ৮টি স্থান অধিকার করেছে সিলেট ক্যাডেট কলেজ। তেমনি তৃতীয় ও চতুর্থ স্থানসহ এই তালিকায় ৭টি স্থান অধিকার করেছে কুমিল্লা ক্যাডেট কলেজ।

চট্টগ্রাম বোর্ড থেকে এবার ৫২ হাজার ৬৪০ জন ছাত্রছাত্রী এইচএসসি পরীক্ষায় অবতীর্ণ হয়। এরমধ্যে উত্তীর্ণ হয়েছে ২৪ হাজার ৬৩১ জন। পাসের হার ৪৬ দশমিক ৭৯।

চট্টগ্রাম কলেজের মেহেরুন্নেছা খানম চারটি লেটারসহ ৮৯৬ নম্বর পেয়ে সম্মিলিত মেধা তালিকায় প্রথম স্থান অধিকার করেছে। একই কলেজের সজীব দাশগুপ্ত চারটি লেটারসহ ৮৮৩ নম্বর পেয়ে সম্মিলিত মেধা তালিকায় দ্বিতীয় স্থান অধিকার করেছে। চট্টগ্রাম কলেজের আর এক ছাত্র মোহাম্মদ বাশারাত উল্ ফেরদৌস চারটি লেটারসহ ৮৮১ নম্বর পেয়ে এই বোর্ডে তৃতীয় স্থান অধিকার করেছে। সম্মিলিত মেধা তালিকায় প্রথম, দ্বিতীয় ও তৃতীয়স্থানসহ ১৬টি স্থান দখল করে চট্টগ্রাম কলেজ এই বোর্ডের মধ্যে শীর্ষস্থান অধিকারের গৌরব অর্জন করেছে।

বোর্ডগুলোর মধ্যে সবচেয়ে বেশী নম্বর পেয়ে সম্মিলিত মেধা তালিকায় প্রথম স্থান অধিকার করেছে যশোর বোর্ডের ঝিনাইদহ ক্যাডেট কলেজের তওফিক হাসান। সে পাঁচটি লেটারসহ ৯৬৪ নম্বর পেয়েছে। বোর্ডগুলোর মধ্যে সবচেয়ে কম নম্বর পেয়ে প্রথম স্থান অধিকার করেছে চট্টগ্রাম বোর্ডের অধীন চট্টগ্রাম কলেজের মেহেরুন্নেছা খানম। তার প্রাপ্ত নম্বর ৮৯৬। বোর্ডগুলোর মধ্যে সেই একমাত্র ছাত্রী যে প্রথম স্থান অধিকারের গৌরব অর্জন করেছে। চারটি বোর্ডের মধ্যে প্রথম স্থান অধিকারীর মধ্যে একমাত্র যশোর বোর্ডের তওফিক পাঁচটি লেটার পেয়েছে। অন্য বোর্ডের প্রথম স্থান যারা অধিকার করেছে তারা প্রত্যেকে চারটি লেটার পেয়েছে।

বোর্ডগুলোর মধ্যে সবচেয়ে বেশী সংখ্যক পাস করেছে চট্টগ্রাম বোর্ডে। এই বোর্ডের পাসের হার ৪৬ দশমিক ৭৯। সবচেয়ে কম পাস করেছে যশোর বোর্ডে। এ বোর্ডের পাসের হার ৩২ দশমিক ৫৯।

গত মে মাসে এইচএসসি পরীক্ষা অনুষ্ঠিত হয়।